# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

বিজ্ঞপ্তি নম্বর ঃ ১৭৮/উঃমাঃপঃ/৭৪/৬৩৫ তারিখ ঃ ১৮-১২-৮৬ ইং

এতদ্বারা ঢাকা মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন সকল কলেজের অধ্যক্ষ/অধ্যক্ষা এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানান যাইতেছে যে, ১৯৮৭ সালের ১৩ই জুন হইতে অনুষ্ঠিতব্য উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষার আবেদনপত্র, দাখিলা ফরম ও প্রয়োজনীয় ফি জমা দেওয়ার তারিখ নিম্নে দেওয়া হইল ঃ

| | |
|---|---|
| ১। প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার জন্য নির্ধারিত কলেজে তালিকাভুক্তির আবেদনপত্র দাখিল করার শেষ তারিখ | ২৪/১/১৯৮৭ |
| ২। কলেজ কর্তৃক নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের টেস্ট পরীক্ষা শেষ করার তারিখ | ১০/২/১৯৮৭ |
| ৩। মান উন্নয়ন পরীক্ষার্থীদের তালিকাভুক্তির জন্য অনুমতি ফরম পূরণ ও যাবতীয় ফি সংশ্লিষ্ট কলেজে জমা দেওয়ার শেষ তারিখ | ২৪/১/১৯৮৭ |
| ৪। সকল প্রকার পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম ও ফি বিলম্ব ফি ব্যতীত অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ | ২৩/২/১৯৮৭ |
| ৫। সকল প্রকার পরীক্ষার্থীদের পরীক্ষার ফরম ও ফি ২৫.০০ (পঁচিশ) টাকা বিলম্ব ফিসহ অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ | ২৮/২/১৯৮৭ |
| ৬। নিয়মিত পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তনের আবেদনপত্র ও ফি অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ | ৩১/৩/১৯৮৭ |

৭। প্রাইভেট পরীক্ষার্থী ঃ

যে সমস্ত প্রাইভেট পরীক্ষার্থী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করিবে তাহাদিগকে ৪০.০০ (চল্লিশ) টাকা করিয়া নির্বাচনী পরীক্ষার ফি সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে। যে সমস্ত প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণ করিবার প্রয়োজন নাই তাহাদিগকে ব্যবস্থাপনা ফি বাবদ ২৫.০০ (পঁচিশ) টাকা সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে। পুলিশ, প্রতিরক্ষা বাহিনীর সদস্য, অন্ধ এবং একাধিকক্রমে ৩ (তিন) বৎসর শিক্ষকতায়রত ব্যক্তিগণ বিনা নির্বাচনী পরীক্ষায় প্রাইভেট পরীক্ষার্থী হিসাবে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।

৮। অনিয়মিত পরীক্ষার্থী ঃ

১৯৮৭ সালের উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণেচ্ছু ছাত্র/ছাত্রীদের মধ্যে যাহারা ১৯৮৬ সাল বা তার পূর্বে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করিয়া অকৃতকার্য হইয়াছে তাহাদের সংশ্লিষ্ট বছরের পরীক্ষার মূল প্রবেশপত্র দাখিলা ফরমের সাথে অবশ্যই জমা দিতে হইবে এবং ঐ প্রবেশপত্রে উল্লেখিত বিষয় অনুযায়ী ১৯৮৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে হইবে।

৯। মান উন্নয়ন ঃ

১৯৮৬ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় উত্তীর্ণ পরীক্ষার্থী/পরীক্ষার্থীনীগণ ইচ্ছা করিলে ১৯৮৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করিয়া মান উন্নয়ন করিতে পারিবে। তাহাদিগকে সংশ্লিষ্ট কলেজের অধ্যক্ষের নিকট আবেদন করিয়া অনুমতি ফরম পূরণ করতঃ ২৪/১/১৯৮৭ তারিখের মধ্যে তালিকাভুক্তি ফিসহ যাবতীয় ফি এবং দাখিলা ফরম স্ব স্ব কলেজের অধ্যক্ষের নিকট জমা দিতে হইবে। কোন অবস্থাতেই কলেজ, কেন্দ্র ও বিষয় পরিবর্তন করা যাইবে না।

১০। কেন্দ্র পরিবর্তন ঃ

দাখিলা ফরম পূরণের পর যদি কোন নিয়মিত পরীক্ষার্থী/পরীক্ষার্থীনীর পিতা/আইনানুগ অভিভাবক সরকারী চাকুরীরত অবস্থায় অত্র বোর্ডের আওতাধীন এলাকায় এক স্থল হইতে অন্য স্থলে বদলী হয় শুধুমাত্র সেই সকল নিয়মিত পরীক্ষার্থী/পরীক্ষার্থীনীরাই কেন্দ্র পরিবর্তনের আবেদন করিতে পারিবে। এই ক্ষেত্রে প্রত্যেক প্রার্থীকে ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা করিয়া কেন্দ্র পরিবর্তন ফি জমা দিতে হইবে। বাংলাদেশের বাহিরে কেন্দ্র পরিবর্তনের ফি বাবদ প্রত্যেক প্রার্থীকে ৫০০.০০ (পাঁচশত) টাকা করিয়া জমা দিতে হইবে। অনিয়মিত, প্রাইভেট ও মান উন্নয়ন পরীক্ষার্থীদের কেন্দ্র পরিবর্তন করা যাইবে না।

১১। সকল পরীক্ষার্থীদিগকে নিম্ন বর্ণিত কেন্দ্র ফি সংশ্লিষ্ট কলেজ/কেন্দ্র কর্তৃপক্ষের নিকট জমা দিতে হইবে ঃ

(ক) কলা, বাণিজ্য ও ইসলামী শিক্ষা শাখার প্রতি জন পরীক্ষার্থী .... ৩৫.০০ টাকা

(খ) বিজ্ঞান, কৃষি বিজ্ঞান, গার্হস্থ অর্থনীতি ও সংগীত শাখার প্রতি জন পরীক্ষার্থী .... ৫০.০০ টাকা

কেন্দ্র ফি বাবদ আদায়কৃত অর্থ দ্বারা সংশ্লিষ্ট কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ তত্ত্বীয় এবং ব্যবহারিক উভয় প্রকার পরীক্ষার যাবতীয় ব্যয় নির্বাহ করিবেন। পরীক্ষা কেন্দ্র/কলেজ কর্তৃপক্ষ সকল পরীক্ষা পরিচালনার ঘাটতি এবং বিশেষ করিয়া ব্যবহারিক পরীক্ষার রাসায়নিক ও অন্যান্য আনুসাংগিক দ্রব্যাদি ক্রয়ে বোর্ড কর্তৃক কোনরূপ অনুদান পাইবেন না। বোর্ড অফিস হইতে সাদা উত্তরপত্র এবং পরীক্ষা সংক্রান্ত অন্যান্য সাজ-সরঞ্জাম সংগ্রহ করার জন্য প্রয়োজনীয় খরচ কেন্দ্র ফি হইতে বহন করিতে হইবে। পরীক্ষা কেন্দ্রের যাবতীয় ব্যয়ভার কেন্দ্র ফি হইতে সংকুলান করিতে হইবে।

১২। রেজিষ্ট্রেশন ঃ

১৯৮২-৮৩ সনের (সেশন) পূর্বের রেজিষ্ট্রেশন নম্বরপ্রাপ্ত কোন পরীক্ষার্থী/পরীক্ষার্থীনী ১৯৮৭ সালের উচ্চ মাধ্যমিক পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে না।
মান উন্নয়ন পরীক্ষার্থীদের নতুন করিয়া রেজিষ্ট্রেশন করিবার প্রয়োজন নাই। তাহাদের দাখিলা ফরমে পূর্বের রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ করিতে হইবে।

১৩। পাঠ্যক্রম ঃ

বাংলা এবং ইংরেজী ব্যতিরেকে অন্যান্য সকল বিষয়ের পরীক্ষা ১৯৮৭ সালের পাঠ্যসূচী অনুযায়ী অনুষ্ঠিত হইবে। শুধুমাত্র বাংলা ও ইংরেজী বিষয়ে যথাক্রমে ১৯৮৬ এবং ১৯৮৭ সালের পাঠ্যসূচী অনুযায়ী আলাদা প্রশ্ন থাকিবে।

১৪। বাধ্য ঃ

(ক) পরীক্ষার দাখিলা ফরমে পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষার প্রাপ্ত নম্বর উল্লেখ করিতে হইবে।
(খ) দাখিলা ফরমে পরীক্ষার্থীদের Valid রেজিষ্ট্রেশন নম্বর উল্লেখ না থাকিলে পরীক্ষার ফরম গ্রহণ করা হইবে না।

১৫। প্রাইভেট পরীক্ষার্থীগণ নিম্নলিখিত যে কোন একটি কলেজের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে ঃ

(১) ঢাকা কলেজ, ঢাকা
(২) কবি নজরুল কলেজ, ঢাকা
(৩) তিতুমীর কলেজ, গুলশান, ঢাকা
(৪) বাংলা কলেজ, মিরপুর, ঢাকা
(৫) বেগম বদরুন্নেসা মহিলা কলেজ, ঢাকা
(৬) লালমাটিয়া মহিলা কলেজ, ঢাকা
(৭) শেরে বাংলা বালিকা মহাবিদ্যালয়, হাটখোলা রোড, ঢাকা
(৮) তোলারাম কলেজ, নারায়ণগঞ্জ
(৯) হরগংগা কলেজ, মুন্সীগঞ্জ
(১০) দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ
(১১) ভাওয়াল বদরে আলম কলেজ, চান্দনা, গাজীপুর
(১২) নরসিংদী কলেজ, নরসিংদী
(১৩) আনন্দমোহন কলেজ, ময়মনসিংহ
(১৪) মুমিনুন্নিসা মহিলা কলেজ, ময়মনসিংহ
১৫। নেত্রকোনা কলেজ, নেত্রকোনা
১৬। গুরুদয়াল কলেজ, কিশোরগঞ্জ
১৭। আশেক মাহমুদ কলেজ, জামালপুর
১৮। জাহেদা সফির মহিলা কলেজ, জামালপুর
১৯। শেরপুর কলেজ, শেরপুর
২০। মাওলানা মোহাম্মদ আলী কলেজ, কাগমারী, টাংগাইল
২১। সা'দত কলেজ, করটিয়া, টাংগাইল
২২। কুমুদিনী মহিলা কলেজ, টাংগাইল
২৩। রাজেন্দ্র কলেজ, ফরিদপুর
২৪। সারদা সুন্দরী মহিলা কলেজ, ফরিদপুর
২৫। শরীয়তপুর কলেজ, শরীয়তপুর
২৬। নাজিম উদ্দিন কলেজ, মাদারীপুর
২৭। রাজবাড়ী কলেজ, রাজবাড়ী
২৮। বংগবন্ধু কলেজ, গোপালগঞ্জ।

সকল প্রকার পরীক্ষার্থীদের যাবতীয় ফি-এর হার নিম্নোক্ত ছকে দেওয়া হইল ঃ

| | পরীক্ষার ফি প্রতি পত্রে | মার্কস সার্টিফিকেট ফি প্রতি পরীক্ষার্থী | ব্যবহারিক ফি প্রতি পত্রে | নন কলেজিয়েট ফি প্রতি পরীক্ষার্থী | অনুমতি ও রেজিঃ ফি প্রতি পরীক্ষার্থী | অনিয়মিত ফি প্রতি পরীক্ষার্থী |
|---|---|---|---|---|---|---|
| নিয়মিত | ১৫.০০ | ১৫.০০ | ১২.০০ | ২০.০০ | - | - |
| অনিয়মিত | ১৫.০০ | ১৫.০০ | ১২.০০ | - | - | ৩৫.০০ |
| মান উন্নয়ন | ১৫.০০ | ১৫.০০ | ১২.০০ | - | ৫০.০০ | - |
| প্রাইভেট/বিশেষ প্রাইভেট | ১৫.০০ | ১৫.০০ | ১২.০০ | - | ৬০.০০ | - |

পরীক্ষার ফি ও ফরম বোর্ডে জমা দেওয়ার নিয়মাবলী নিম্নে দেওয়া হইল ঃ

(ক) বোর্ডের যাবতীয় ফি কেবল মাত্র সোনালী ব্যাংকের যেকোন শাখা হইতে ক্রস করা ড্রাফট মারফৎ জমা দিতে হইবে। ব্যাংক ড্রাফটের (ডিমাণ্ড ড্রাফট) উপরিভাগে প্রাপকের পদবী অর্থাৎ সেক্রেটারী, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা লিখিবার ঠিক পরে পরেই ব্যাংক কর্তৃপক্ষ টাকা জমাকারী, অর্থাৎ যাহার পক্ষে টাকা জমা করা হইল এবং কলেজের নাম স্পষ্টভাবে উল্লেখ করিয়া দিবেন।
একই ড্রাফটে একই কলেজের সকল বিভাগের টাকা জমা দিতে হইবে।

(খ) ড্রাফট ক্রয় করিবার অনতিবিলম্বে উহা অত্র বোর্ডে প্রয়োজনীয় কাগজ-পত্রাদিসহ পাঠাইতে হইবে এবং উহা পাঠাইবার পূর্বে অধ্যক্ষ/অধ্যক্ষা ড্রাফটের বিপরীত পৃষ্ঠায় সীলমোহরসহ স্বাক্ষর দিবেন।

(গ) ডিমাণ্ড ড্রাফট ছাড়া কোন ক্রমেই নগদ টাকা, পে-অর্ডার, পোষ্টাল অর্ডার, মানি অর্ডার, সিকিউরিটি ডিপোজিট রিসিট অথবা ট্রেজারী চালান ইত্যাদিতে বোর্ডে ফি গ্রহণ করা হইবে না।

(ঘ) দাখিলা ফরমের সাথে ৪ (চার) কপি সংক্ষিপ্ত বিবরণী ফরম স্পষ্টাক্ষরে পূরণ করিয়া জমা দিতে হইবে।

(ঙ) অত্র বিজ্ঞপ্তিতে বর্ণিত নির্ধারিত তারিখের পর জমাকৃত সকল প্রকার ফি, আবেদনপত্র, দাখিলা ফরম ইত্যাদি বাতিল বলিয়া গণ্য হইবে। এই বিষয়ে সংশ্লিষ্ট কাহারো সহিত কোন প্রকার যোগাযোগ করা হইবে না।

**বিশেষ দ্রষ্টব্য ঃ**

(ক) এই বৎসর ডাকযোগে কোন দাখিলা ফরম গ্রহণ করা হইবে না বিধায় প্রয়োজনীয় ফিসহ দাখিলা ফরম নির্ধারিত তারিখের দিন অথবা তাহার পূর্বেই অত্র বোর্ডে জমা দিতে হইবে।

(খ) বোর্ড হইতে যে সমস্ত ছাত্র/ছাত্রী বাংলা বিকল্প সহজ পাঠ/বাংলাদেশের সংস্কৃতি ও বাংলা ভাষার প্রাথমিক জ্ঞান এবং ইংরেজী ভাষার মাধ্যমে পরীক্ষা দেওয়ার জন্য অনুমতি লাভ করিয়াছে তাহাদের নামের একটি তালিকা নৈর্বাচনিক বিষয়ের উল্লেখসহ আগামী ১৫-১-১৯৮৭ তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রকের নিকট পাঠাইবার জন্য অনুরোধ করা হইল।

( মোঃ দলিল উদ্দিন মণ্ডল )
পরীক্ষা নিয়ন্ত্রক,
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।
ফোন ঃ ৫০৮৯৯৬

ডিএফপি-(স)২১৬৭৪(৩)২১-১২
ডি—১১৩৮/৮৬